গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
www.dnc.gov.bd

**''জৈব নমুনায় মাদকদ্রব্য সনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) বিধিমালা, ২০২৬'' এর মাঠ পর্যায়ের প্রায়োগিক দিক অবহিতকরণ বিষয়ক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হাসান মারুফ<br>মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| সভার তারিখ | : | ২৯ মার্চ ২০২৬, দুপুর ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| সভায় উপস্থিত | : | উপস্থিতি তালিকা পৃথক কাগজে সংরক্ষিত |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বলেন ''জৈব নমুনায় মাদকদ্রব্য সনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) বিধিমালা, ২০২৬'' ইতোমধ্যে অনুমোদন হয়েছে। উক্ত বিধিমালার আলোকে দ্রুত সারাদেশে ডোপ টেস্টের কার্যক্রম চালু করা প্রয়োজন। বিধিমালাটির মাঠ পর্যায়ের প্রায়োগিক দিকসমূহ অবহিতকরণের লক্ষ্যে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। বিধিমালাটির আলোকে মাঠ পর্যায়ে কিভাবে দ্রুত ডোপ টেস্ট এর কার্যক্রম শুরু করা যায় এবিষয়ে সভাপতি সকলের মূল্যবান মতামত আহবান করেন।

সভাপতির অনুমতিক্রমে ডা: কাজী লুতফুল কবীর, চীফ কনসালটেন্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় মাদকাসাক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা বলেন যে, অনুমোদিত ডোপ টেস্ট বিধিমালার ফরম অনুযায়ী রিপোর্টে ল্যাবরেটরি টেকনিশিয়ান/ মেডিক্যাল টেকনোলজিস্ট/ সিনিয়র ল্যাবরেটরি টেকনিশিয়ান/সিনিয়র মেডিক্যাল টেকনোলজিস্ট এর স্বাক্ষর থাকতে হবে। কিন্তু মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিয়োগ বিধিমালায় বর্ণিত পদসমূহ উল্লেখ নেই। কিন্তু উক্ত পদসমূহ অর্গানোগ্রামে উল্লেখ রয়েছে। ডোপ টেস্টের কার্যক্রম চালু করার জন্য অর্গানোগ্রামের আলোকে দ্রুত ল্যাবরেটরি টেকনিশিয়ান ও মেডিক্যাল টেকনোলিজিস্ট পদে নিয়োগ দেয়া যেতে পারে।

জনাব শফিকুল ইসলাম সরকার, রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, রাজশাহী বলেন, ডোপ টেস্টের রিপোর্টের ফরমে প্রাণ রসায়নবিদের প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে। অধিদপ্তরের অর্গানোগ্রামে প্রাণ রসায়নবিদ পদ নেই। কিন্তু সহকারী রাসায়নিক পরীক্ষক হিসেবে কয়েকজন প্রাণ রসায়নবিদ কর্মরত রয়েছে। টেকনিক্যাল কমিটির সভা আয়োজন করে সহকারী রাসায়নিক পরীক্ষক হিসেবে অধিদপ্তরে কর্মরত প্রাণরসায়নবিদদের ডোপ টেস্টের রিপোর্ট/ফলাফলে স্বাক্ষরের বিষয়ে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বলেন ডোপ টেস্টের কার্যক্রমের ক্ষেত্রে প্রধান সংকট জনবল। বিধায় আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ করে অথবা এধরণের সরকারি/বেসরকারি পরীক্ষাগারের সাথে MOU করে ডোপ টেস্ট এর কার্যক্রম চালু করা যেতে পারে। তিনি আরও বলেন ডোপ টেস্ট কার্যক্রমের বিষয়ে ইতোপূর্বে একটি প্রকলপ গ্রহণ করা হয়েছিলো। প্রকল্পটি যাচাই-বাছাই করে পুনরায় প্রকল্পের ডিপিপি প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

অত:পর সভায় বিস্তারিত আলোচনা অন্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামোর আলোকে ০৭ জন ল্যাবরেটরি টেকনিশিয়ান ও ০৮ জন মেডিক্যাল টেকনোলিজিস্ট পদে নিয়োগ প্রদানের লক্ষ্যে দ্রুত বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির সভা করে বিধি মোতাবেক নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।

২। টেকনিক্যাল কমিটির সভা আয়োজন করে সহকারী রাসায়নিক পরীক্ষক হিসেবে অধিদপ্তরে কর্মরত প্রাণরসায়নবিদদের ডোপ টেস্টের রিপোর্ট/ফলাফলে প্রতিস্বাক্ষরের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

৩। আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ করে অথবা এধরণের সরকারি/বেসরকারি পরীক্ষাগারের সাথে MOU করে ডোপ টেস্ট এর কার্যক্রম চালু করার বিষয়ে বিবেচনা করা যেতে পারে।

৪। ডোপ টেস্ট কার্যক্রমের জন্য ইতোপূর্বে প্রস্তুতকৃত প্রকল্পের ডিপিপি পর্যালোচনা করে ডিপিপি পুনর্গঠন/প্রণয়নের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্রয় ও পরিকল্পনা অধিশাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করে।

২৯/০৩/২০২৬

(মো: হাসান মারুফ)
মহাপরিচালক

স্মারক নং- ৫৮.০২.০০০০.০০৮.০৬.১৬.১৮-৩২ তারিখ: ২৯/০৩/২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। পরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/ময়মনসিংহ/বরিশাল/গোয়েন্দা শাখা।
৫। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশন্স/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন ...............................
৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৮। সিনিয়র কনসালটেন্ট, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা
৯। রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/ময়মনসিংহ
১০। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/কমন সার্ভিস/অপারেশন্স/জনসংযোগ/গোয়েন্দা/গবেষণা ও প্রকাশনা/অর্থ ও হিসাব)/আইন কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১২। সহকারী পরিচালক, বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয় /জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.............................................
১৩। রিহেবিলিটেশন কর্মকর্তা/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা
১৪। সহকারী রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/ময়মনসিংহ
১৫। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬। প্রশাসনিক কর্মকর্তা (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৭। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮। অফিস কপি/মাস্টার ফাইল

২৯.০৩.২০২৬

(মো: জাকির হোসেন)
সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)